

ত্রিপুরা গণনাগ
তপশিলী জাতি কল্যাণ দপ্তর
আগরতলা : ত্রিপুরা



ড. বি. আর. আনন্দকার স্মৃতি পুরস্কারের জন্য আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি :

তপশিলী জাতি সম্প্রদায়ভুক্ত ত্রিপুরায় স্থায়ী ভাবে বসবাসকারী যে সকল মেধাবী ছাত্র/ছাত্রী ২০১৭ ইং সনে কোন স্বীকৃত বিদ্যালয় হইতে বার্ষিক পরীক্ষায় গড় (Average) নম্বরের ভিত্তিতে কম পক্ষে মোট ৬০ শতাংশ নম্বর পাইয়া (সকল বিষয়ে অবশ্যই পাশ করিতে হইবে) ১ম বিভাগে উত্তীর্ণ হইয়াছে তাহাদিগকে তপশিলী জাতি কল্যাণ দপ্তর হইতে ড. বি. আর. আনন্দকার স্মৃতি পুরস্কার প্রদান করা হইবে। কেবল মাত্র নিম্নে বর্ণিত শ্রেণী ভুক্ত তপশিলী জাতি ছাত্র/ছাত্রীরা নিম্ন হারে পুরস্কার পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

ক) যাহারা ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণী হইতে পরবর্তী শ্রেণীতে ১ম বিভাগে উত্তীর্ণ হইয়াছে তাহাদের প্রত্যেককে ৪০০/- টাকা হারে এবং যাহারা নবম শ্রেণী হইতে দশম শ্রেণীতে ১ম বিভাগে উত্তীর্ণ হইয়াছে তাহাদের প্রত্যেককে ৭০০/- টাকা হারে পুরস্কার প্রদান করা হইবে এবং তার সঙ্গে প্রসংসা পত্র দেওয়া হইবে।

খ) এছড়া ও যে সকল তপশিলী জাতি ভুক্ত ছাত্র/ছাত্রী ২০১৮ ইং সনে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় Tripura Board of Secondary Education (TBSE) and Central Board of Secondary Education (CBSE) বোর্ডের মাধ্যমে প্রত্যেকটি বিষয়ে ৬০ শতাংশ গড় নম্বর পেয়ে ১ম বিভাগে উত্তীর্ণ হইয়াছে তাহাদের প্রত্যেককে ১৫০০/- টাকা হারে পুরস্কার প্রদান করা হবে এবং তার সঙ্গে প্রসংশাপত্র দেওয়া হবে।

গ) Tripura Board of Secondary Education কর্তৃক পরিচালিত মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় যে সমস্ত ছাত্র/ছাত্রী প্রথম থেকে দশম এর মধ্যে স্থান পেয়েছে তাদেরকে স্বর্ণপদক প্রদান করা হইবে।

২) উক্ত প্রকল্পে পুরস্কার পাওয়ার যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীগণকে জানানো যাইতেছে যে, তাহারা যেন নিম্নলিখিত পদ্ধতিতে স্ব-স্ব বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকা গণের নিকট আগামী ২৫/৬/২০১৮ ইং তারিখের মধ্যে নিম্নলিখিত তথ্য সহ সাদা কাগজে দরখাস্ত জমা দেয়।

ক) ছাত্র/ছাত্রীর নাম :

খ) পিতার নাম :

গ) বিদ্যালয়ের নাম :

ঘ) স্থায়ী / বর্তমান ঠিকানা :

ঙ) কোন শ্রেণীতে হ ইতে উত্তীর্ণ :

চ) পরীক্ষায় প্রাপ্ত নম্বরের বিবরণ :

১) মোট নম্বর ২) প্রাপ্ত নম্বর ৩) শতকরা হার :

(মার্কসিটের প্রত্যায়িত নকল দিতে হইবে)

ছ) তপশিলী জাতির কোন সম্প্রদায়ভুক্ত :

(প্রমাণ পত্রের প্রত্যায়িত নকল দিতে হইবে)

জ) ছাত্র/ছাত্রীর বর্তমান ব্যাঙ্ক একাউন্ট এবং সেই ব্যাঙ্কের পূর্ণ বিবরণ

১) ব্যাঙ্কের নাম :

২) ব্যাঙ্ক ব্রাঞ্চার নাম :

৩) ব্যাঙ্ক একাউন্টের ধরন :

৪) ব্যাঙ্ক একাউন্ট নং :

৫) ব্যাঙ্ক আই. এফ. এস. সি নং :

৬) আধার নম্বর :

৩) সমস্ত সরকারি/সরকার অনুমোদিত এস.বি./হাই/হাইয়ারসেকেন্ডারী স্কুলের প্রধান শিক্ষক/শিক্ষিকাগণকে অনুরোধ করা যাইতেছে যে, তাহারা যেন উপরে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন ছাত্র/ছাত্রীদের দরখাস্ত সহ নামের তালিকা তাহাদের সুপারিশ সহকারে স্ব-স্ব এলাকার মহকুমা শাসক মহোদয়ের নিকট আগামী ১০/৭/২০১৮ ইং তারিখের মধ্যে প্রেরণ করেন।

৪। সমস্ত মহকুমা শাসক মহোদয়গণ দরখাস্ত সহ ছাত্র ছাত্রীর নামের তালিকা নিম্ন স্বাক্ষরকারীর অফিসে আগামী ১৬/৭/২০১৮ ইং তারিখের মধ্যে তদন্ত ক্রমে প্রেরণ করিবেন। ছাত্র/ছাত্রীদের নামের তালিকার নির্দিষ্ট ফরম পূরণক্রমে soft copy (CD) সহ নিম্ন স্বাক্ষরকারীর অফিসে জমা দিতে হইবে।

৫। যে সমস্ত ছাত্র/ ছাত্রীগণ পুরস্কার পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবে তাদেরকে সরাসরি ব্যাঙ্ক একাউন্টের মাধ্যমে পুরস্কার প্রদান করা হইবে।

অধিকর্তা
তপশিলী জাতি কল্যাণ দপ্তর
আগরতলা : ত্রিপুরা